

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১৮, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ৩ জোড় ১৪১৩/১৭ মে ২০০৬

এস, আর, ও নং ৭৮-আইন/২০০৬।—যেহেতু, The Essential Services (Second) Ordinance, 1958 (E.P. Ord. No. XLI of 1958), অতঃপর উক্ত Ordinance বলিয়া উন্নিতি, এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র মন্ত্রণালয়ের ২০-৫-২০০৬ইং তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও ১৩৩-আইন/২০০৩ দ্বারা বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)-এর সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রযোজ্য ঘোষণা করিয়াছে এবং উক্ত ঘোষণা অত্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৯৩-আইন/২০০৫, তারিখ ২৩-১০-২০০৫ইং দ্বারা তৃতীয় বার উক্ত Ordinance এর প্রযোজ্যতা ২৩-১০-২০০৫ইং তারিখ হইতে (উক্ত তারিখ অন্তর্ভুক্ত) আরও ৬ (ছয়) মাস বর্ধিত করা হইয়াছে, যাহার মেয়াদ গত ২২-৮-২০০৬ইং তারিখে শেষ হইয়াছে; এবং

যেহেতু, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)-এর সকূল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রযোগের প্রয়োজনীয়তা এখনও বিদ্যমান রহিয়াছে;

সেহেতু উক্ত Ordinance এর section 3 এর sub-section (2) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)-এর সকূল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা এই প্রজ্ঞাপন সরকারী গেজেটে প্রকাশের তারিখ (উক্ত তারিখ অন্তর্ভুক্ত) হইতে পরবর্তী ছয় মাস পর্যন্ত বর্ধিত করিল।

বাস্তুপতির আদেশক্রমে

মোঃ শাহজাহান আলী সরদার।  
উপ-সচিব (শ্রম)।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(২০৫৫)

মূল্য : টাকা ২.০০